# তথ্য প্রকাশ ও মুক্ত করার জন্য সাধারণ অনুমতি

প্রিয় পিতামাতা/পরিচর্যাকারী

আমি স্কুল/শিক্ষা বিভাগকে অন্যান্য শিক্ষার্থীদের সাথে তার অভিজ্ঞতা বিনিময় করে নেওয়ার, স্কুল এবং শিক্ষার্থীদের ক্রিয়াকলাপ সম্পর্কে স্কুল এবং বৃহত্তর কমিউনিটিকে অবহিত করার এবং উল্লেখযোগ্য প্রকল্প বা সম্প্রদায় সেবায় শিক্ষার্থীদের অংশগ্রহণ রেকর্ড করার উদ্দেশ্যে আপনার সন্তানের সম্পর্কে তথ্য প্রকাশ এবং/অথবা মুক্ত করার অনুমতি দেওয়ার জন্য আপনার সম্মতি চাইছি।

এই তথ্যের মধ্যে আপনার সন্তানের নাম, বয়স, ক্লাস এবং স্কুলে সংগৃহীত তথ্য যেমন আপনার সন্তানের ছবি, শব্দ এবং ভিজ্যুয়াল রেকর্ডিং, আপনার সন্তানের কাজ এবং ইন্টারেক্টিভ মিডিয়ার মতো মতামত প্রকাশ অন্তর্ভুক্ত থাকতে পারে।

আপনার সন্তানের তথ্য প্রকাশিত বা মুক্ত করা হতে পারে এমন যোগাযোগগুলোর মধ্যে রয়েছে তবে সীমাবদ্ধ নয়:

- স্কুল ওয়েবসাইট, শিক্ষা বিভাগের ইন্ট্রানেট (শুধুমাত্র কর্মীদের জন্য), ব্লগ এবং উইকি সহ শিক্ষা বিভাগের পাবলিক ওয়েবসাইট
- স্কুল নিউজলেটার, বার্ষিক স্কুল ম্যাগাজিন এবং স্কুল রিপোর্ট সহ শিক্ষা বিভাগের প্রকাশনা, বিভাগের ওয়েবসাইট সহ মুদ্রণ এবং ইলেকট্রনিকভাবে প্রকাশিত প্রচারমূলক উপাদান
- ইউটিউব, ফেসবুক এবং টুইটারের মতো নেটওয়ার্কগুলোতে অফিসিয়াল বিভাগ এবং স্কুল সামাজিক মিডিয়া অ্যাকাউন্ট
- স্থানীয় এবং মেট্রোপলিটন সংবাদপত্র এবং ম্যাগাজিন এবং অন্যান্য মিডিয়া আউটলেট।

অভিভাবকদের মনে রাখা উচিত যে যখন তথ্য পাবলিক ওয়েবসাইট এবং সোশ্যাল মিডিয়া চ্যানেলগুলোতে প্রকাশিত হয়, তখন এটি স্থায়ীভাবে না হলেও কয়েক বছর ধরে অনলাইনে পাওয়া যেতে পারে। সার্চ ইঞ্জিনগুলো প্রকাশিত তথ্য ক্যাশে বা প্রকাশিত তথ্যের অনুলিপিগুলো সংরক্ষণ করতে পারে। প্রকাশিত তথ্য তৃতীয় পক্ষের দ্বারাও লিঙ্ক করা যেতে পারে।

অনুগ্রহ করে অনুমতি ফর্মটি পূরণ করুন ও নিম্নলিখিত তারিখের মধ্যে স্কুলে ফিরত পাঠান:

Date for return of permission form

## দোভাষী সহায়তা

আপনি যদি আরও তথ্য চান তবে অনুগ্রহ করে স্কুলের সাথে যোগাযোগ করুন।

স্কুলের সাথে যোগাযোগ করার জন্য আপনার যদি দোভাষী সহায়তার প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে 131 450 নম্বরে কল করুন, অপারেটরকে আপনার কী ভাষা প্রয়োজন তা বলুন ও তাদের স্কুলে ফোন করতে বলুন। আপনার কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য অপারেটর লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবে। এই পরিষেবার জন্য আপনাকে কোনও অর্থ দিতে হবে না।

আপনার বিশ্বস্ত

অধ্যক্ষের নাম (Name of principal)

স্কুলের নাম (Name of school)

## সম্মতি প্রকাশের জন্য পিতামাতা/পরিচর্যাকারীর অনুমতি

## Parent/carer permission to publish consent

আমি এই প্রকাশের অনুমতিটি পড়েছি এবং:

(কেবল নীচে একটি বাক্স চিহ্নিত করুন এবং অন্যটি ফাঁকা রাখুন)

☐ সবাই পেতে পারে এমন যোগাযোগ সহ আমি স্কুল/শিক্ষা বিভাগকে আমার সন্তানের সম্পর্কে উপরে বর্ণিত তথ্য প্রকাশ করার অনুমতি দিই।
I give permission to the school/Department of Education to publish information about my child as described above, including in publicly accessible communications.

☐ সবাই পেতে পারে এমন যোগাযোগ সহ আমি স্কুল/শিক্ষা বিভাগকে আমার সন্তানের সম্পর্কে উপরে বর্ণিত তথ্য প্রকাশ করার অনুমতি দিই না
I do not give permission to the school/Department of Education to publish information about my child as described above, including in publicly accessible communications.

আমি স্কুলকে অন্যভাবে নির্দেশ না দেয়া পর্যন্ত এই স্বাক্ষরিত অনুমতিটি কার্যকর থাকবে।

সন্তানের নাম (অনুগ্রহ করে বড় অক্ষরে লিখুন) ______________________________
Name of child

পিতামাতা/পরিচর্যাকারীর নাম (অনুগ্রহ করে বড় অক্ষরে লিখুন) ______________________________
Name of parent/carer

পিতামাতা/পরিচর্যাকারীর স্বাক্ষর ______________________________
Signature of parent/carer

তারিখ ______________________________
Date